

ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে অনুষ্ঠিত হলো নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার ক্যাম্প



৯ জুলাই, নদদায় ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের প্রাঙ্গণে বিদ্যালয়ের প্লে থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রধান শিক্ষক আনন্দ চৌধুরীসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

স্বাস্থ্য পরীক্ষা করেন ডাক্তার মো. আল-আমিন ও ডাক্তার ফ্রান্সিসকা রিনিক গমেজ। বিদ্যালয়ের মোট ১৮০ জন শিক্ষার্থী স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করেন।

ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যের প্রতি যত্নবান, সুস্বাস্থ্য রক্ষায় আরও সচেতনতা বৃদ্ধিসহ সুস্থ থাকতে হলে কি কি করণীয় তা সম্পর্কে সচেতন হওয়া এবং অন্যকেও সুস্থ রাখার জন্য সহায়তা করার জন্য স্কুলটির শিক্ষার্থীদের নিয়মিতভাবেই ক্যাম্পাসে স্বাস্থ্য পরীক্ষার আয়োজন করে। এতে করে শিক্ষার্থীদের স্বাস্থ্যগত বিষয়ে শারীরিক শিক্ষার যে বিষয় রয়েছে সে সম্পর্কে বাস্তবতার নিরিখে স্বাস্থ্যবিষয়ক জ্ঞান অর্জন করে থাকে।